

ভিকারুননিসায় অধ্যক্ষ নিয়োগের প্রক্রিয়া স্থগিত

সংবাদ : নিজস্ব বার্তা পরিবেশক

| ঢাকা, মঙ্গলবার, ৩০ এপ্রিল ২০১৯

লিখিত পরীক্ষায় অনিয়মের অভিযোগে ওঠায়
রাজধানীর ঐতিহ্যবাহী শিক্ষা প্রতিষ্ঠান
ভিকারুননিসা নুন স্কুল অ্যান্ড কলেজে অধ্যক্ষ
নিয়োগের প্রক্রিয়া স্থগিত করেছে শিক্ষা
মন্ত্রণালয়।

নিয়োগ পরীক্ষায় অনিয়মের অভিযোগ আগামী
তিনদিনের মধ্যে তদন্ত করে জানাতে গতকাল
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরকে (মাউশি)
নির্দেশনা দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়।

ভিকারুননিসা নুন কলেজে অধ্যক্ষ নিয়োগে গত
২৬ এপ্রিল লিখিত পরীক্ষা নেয়া হয়, তাতে ১৫
প্রার্থীর মধ্যে ১৩ জন অংশ নেন। তাদের মধ্যে
রাজধানীর মতিঝিল আইডিয়াল স্কুল অ্যান্ড
কলেজের ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক
রুমানা শাহীন শেফাকে ভিকারুননিসার অধ্যক্ষ
হিসেবে চূড়ান্ত করা হয়। এই লিখিত পরীক্ষায়
অনিয়মের অভিযোগ তুলে একজন প্রার্থী এবং
একজন অভিভাবক শিক্ষা মন্ত্রণালয়ে লিখিত
অভিযোগ করেছিলেন। তারই পরিপ্রেক্ষিতে
নিয়োগ প্রক্রিয়া স্থগিতের নির্দেশনা দেয়া হয়।

গতকাল ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যানুকে পাঠানো শিক্ষা মন্ত্রণালয়ের এ সংক্রান্ত চিঠিতে বলা হয়েছে, ‘গত ২৬ এপ্রিল ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ নিয়োগের জন্য অনুষ্ঠিত পরীক্ষায় অনিয়মের অভিযোগ উত্থাপিত হওয়ায় নিয়োগ প্রক্রিয়া আপাতত স্থগিত রাখার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।’

অপর এক চিঠিতে মাউশি মহাপরিচালককে অধ্যক্ষ নিয়োগে অনিয়মের ঘটনা তদন্ত করে আগামী তিন দিনের মধ্যে মতামতসহ প্রতিবেদন দিতে বলা হয়েছে। মহাপরিচালককে পাঠানো চিঠির সঙ্গে অনিয়মের অভিযোগ সংক্রান্ত অভিযোগের চিঠি জুড়ে দেয়া হয়েছে বলে জানা গেছে।

গত বছর রাজধানীর সিদ্ধেশ্বরীতে এই শিক্ষা প্রতিষ্ঠানের নবম শ্রেণীর ছাত্রী আৰিত্রী অধিকারীর আত্মহত্যার ঘটনায় শিক্ষার্থী ও অভিভাবকদের আন্দোলনের মুখে তৎকালীন ভারপ্রাপ্ত অধ্যক্ষ নাজনীন ফেরদৌসসহ তিনি শিক্ষককে সরিয়ে দেয়া হয়। এরপর থেকে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব চালিয়ে আসছেন কলেজ শাখার সহকারী অধ্যাপক হাসিনা বেগম। তিনি অর্থনীতি বিষয়ের শিক্ষক।